গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

"মুজিব বর্ষের প্রতিশ্রুতি
সেবা, ত্যাগ ও অগ্রগতি"

স্মারক নং-৫৮.০৩.০০০০.০০২.১১.০৩৬.২১- ৮১৭০

তারিখ: ১৭/০৫/১৪২৮ বঙ্গাব্দ
০১/০৯/২০২১ খ্রিষ্টাব্দ

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত পদে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত পদের পার্শ্বে উল্লিখিত যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তাধীনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:-

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল/গ্রেড (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য শর্তাদি | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | ডুবুরি (পুরুষ)<br>বেতন স্কেল: ৯০০০-২১৮০০/-,<br>গ্রেড-১৭ | ২২(বাইশ)টি | ক) স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড হতে কমপক্ষে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) শারীরিক যোগ্যতা:-উচ্চতাঃ ৫ ফুট ৪ ইঞ্চি (ন্যূনতম)<br>বুকঃ ৩২ ইঞ্চি (ন্যূনতম)<br>গ) শারীরিক গঠন:- ত্রুটিমুক্ত হতে হবে।<br>ঘ) বৈবাহিক অবস্থা:- অবিবাহিত। | গভীর পানিতে ডুব দিতে জানা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে |
| | মোট= | ২২(বাইশ)টি | | |

## দরখাস্তের শর্তাবলিঃ

১. **প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে এবং জাতীয় পরিচয়পত্র থাকতে হবে। জাতীয় পরিচয়পত্র ব্যতীত কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।**

২. নির্ধারিত ফরমের **সকল কলাম নিজ হাতে সঠিকভাবে পূরণ করতঃ স্বাক্ষরসহ** আবেদন করতে হবে এবং প্রবেশপত্রে প্রার্থীর নাম, মাতার নাম, পিতার নাম ও ঠিকানা সঠিকভাবে লিখতে হবে। আবেদন ফরম ও প্রবেশ পত্রের নমুনা কপি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ওয়েবসাইটে (**www.fireservice.gov.bd**) পাওয়া যাবে।

৩. **যে সকল প্রার্থীর বয়স ০১ সেপ্টেম্বর, ২০২১ তারিখে ১৮ বছর পূর্ণ হবে এবং ২৫ মার্চ, ২০২০ তারিখে যাদের বয়স ২০ বছর হয়েছে, তারা আবেদনের যোগ্য মর্মে বিবেচিত হবেন। তবে, যে সকল মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে বয়স ২৫ মার্চ, ২০২০ তারিখে ৩২ বছর পূর্ণ হয়েছে তারাও আবেদনের যোগ্য মর্মে বিবেচিত হবেন।** কিন্তু মুক্তিযোদ্ধা সন্তানের সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য নয়। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়। বয়সের প্রমাণক হিসেবে জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি (বাধ্যতামূলক) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৪. আবেদনের সাথে সম্প্রতি তোলা **পাসপোর্ট সাইজের** ০৪ (চার) কপি রঙিন ছবি এবং প্রবেশপত্রের সাথে ০১ (এক) কপি রঙিন ছবি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক ছবির উপরে সত্যায়িত হতে হবে) নির্দিষ্ট স্থানে (আঠা দ্বারা) সংযুক্ত করতে হবে।

৫. পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা (অফেরতযোগ্য) **মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা এর অনুকূলে ১-৭৩৬১-০০০০-২০৩১ কোড নম্বরে ট্রেজারি চালানের মাধ্যমে {বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে (ট্রেজারি শাখায়)} জমা করে ট্রেজারি চালানের মূল কপি** (পোস্টাল অর্ডার, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার গ্রহণযোগ্য নয়) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৬. **প্রার্থীগণকে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত),** পৌর মেয়র/কমিশনার/ইউপি চেয়ারম্যান কর্তৃক **নাগরিকত্ব সনদ, ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদ,** মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে **মুক্তিযোদ্ধার সাময়িক সনদ, গেজেট, মুক্তিবার্তা, মুক্তিযোদ্ধা সংসদের সনদ,** পৌর মেয়র/কমিশনার/ইউপি চেয়ারম্যান **কর্তৃক প্রত্যয়নপত্র** এবং বিশেষ কোটার প্রার্থীদের ক্ষেত্রে **যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র আবেদনের সাথে সংযুক্ত করে আবেদনপত্রসহ স্ব-শরীরে আগামী ১১ সেপ্টেম্বর, ২০২১ তারিখ রোজ শনিবার সকাল ০৮.০০ টায়** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স মাঠ, পূর্বাচল, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ (কুড়িল বিশ্বরোড হতে আনুমানিক ৭ কি.মি. পূর্ব দিকে, ৩০০ ফুট রাস্তা সংলগ্ন, নীলা মার্কেটের বিপরীতে) এ উপস্থিত হতে হবে।

৭. মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্য প্রমাণের সনদ বা প্রমাণক পত্রের মূলকপি এবং বয়স প্রমাণের জন্য **জাতীয় পরিচয়পত্রের মূলকপি** প্রদর্শন করতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবি সম্বলিত সীল থাকতে হবে।

৮. অস্পষ্ট/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

৯. সরকারি/আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতি স্বাপেক্ষে আবেদন করতে হবে এবং তাদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য নয়।

১০. সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।

১১. কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে (স্থায়ী ঠিকানা, দাখিলকৃত সনদপত্র, আবেদনপত্রে উল্লিখিত অন্যান্য তথ্য, কোটা প্রমাণের তথ্যাদি) চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে এবং পরবর্তীতে যে কোন সময় প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২. নিয়োগের ক্ষেত্রে চলমান সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান (সর্বশেষ) অনুসরণ করা হবে।

১৩. প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪. পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি, আবেদনপত্র গ্রহণ/বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৫. প্রার্থীদের আবশ্যিকভাবে মাস্ক পরিধানসহ সকল স্বাস্থ্যবিধি যথাযথভাবে মেনে চলতে হবে।

০১/৯/২০২১

মোঃ ওহিদুল ইসলাম
উপপরিচালক (প্রশাঃ ও অর্থ)
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি

# চাকরির আবেদন ফরম

বরাবর,
মহাপরিচালক
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর,
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা-১০০০।

| |
|---|
| সম্প্রতি তোলা<br>**পাসপোর্ট সাইজের**<br>রঙিন ছবি (০৪ কপি) |

**বিষয়: ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে ডুবুরি পদে চাকরির জন্য আবেদন।**

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নামঃ | | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তি নম্বরঃ | | | তারিখঃ | | | | | | | |
| ৩. | প্রার্থীর নামঃ | বাংলাঃ | | | | | | | | | |
| | | ইংরেজীতে ( বড় অক্ষরে): | | | | | | | | | |
| ৪. | জাতীয় পরিচয় পত্র নম্বরঃ | | | | | | | | | | |
| ৫. | জন্ম তারিখঃ | | | | | | | ৬. জন্ম স্থান (জেলা): | | | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়সঃ | | বছর | | মাস | | দিন | | | | |
| ৮. | মাতার নামঃ | | | | | | | | | | |
| ৯. | পিতার নামঃ | | | | | | | | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানাঃ | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লাঃ | | |
| | ইউনিয়ন/ওয়ার্ডঃ | | |
| | ডাকঘরঃ | | |
| | পোস্টকোড নম্বরঃ | | |
| | উপজেলাঃ | | |
| | জেলাঃ | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১. | যোগাযোগঃ | মোবাইল/টেলিফোন নম্বরঃ | ই-মেইল (যদি থাকে): | |
| ১২. | জাতীয়তাঃ | | ১৩. | জেন্ডার/লিঙ্গঃ |
| ১৪. | ধর্মঃ | | ১৫. | বৈবাহিক অবস্থাঃ |

১৬. শিক্ষাগত যোগ্যতাঃ

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ ( প্রযোজ্য ক্ষেত্রে): | | | |
| ১৯. | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ্য করুন): |
| ২০. | চালান নম্বরঃ | | তারিখঃ | |
| | ব্যাংক ও শাখার নামঃ | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা ( টিক দিন) : | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| তারিখঃ | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|

প্রার্থীর স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি (০১ কপি)

## প্রবেশপত্র

রোল নং (অফিস কর্তৃক পূরণীয়):

প্রার্থীর নাম :

মাতার নাম :

পিতার নাম :

স্থায়ী ঠিকানা : বাসা/সড়ক :

গ্রাম/পাড়া/মহল্লা:

ডাকঘর :

থানা/উপজেলা :

জেলা :

বিষয়: <u>ডুবুরি পদে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ প্রসঙ্গে।</u>

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের উল্লিখিত পদে আপনার আবেদন সঠিক বিবেচিত হওয়ায় লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য আপনাকে বিবেচিত করা হলো। লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের জন্য যথাসময়ে নিম্নোক্ত স্থানে হাজির হওয়ার জন্য অনুরোধ করা হলো। এ জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

<u>লিখিত পরীক্ষার স্থান, তারিখ ও সময়</u>
(অফিস কর্তৃক পূরণীয়)

ফাসাওসিডি/প্রবেশপত্র/২০২১